

“মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার”



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইল: info@nhrc.org.bd

স্মারকঃ ৫৫.১২.০০০০.১০৭.৩২.০০৩.১৯-৪৭০৫

তারিখঃ ১৮/১০/২০২১

বিষয়ঃ সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারীদের দ্রুত আইনের আওতায় আনা ও ঘটনার পুনরাবৃত্তি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণমাধ্যমে প্রকাশিত “এবার পীরগঞ্জ আগুন, ফেনী ও নোয়াখালীতে নিরাপত্তা জোরদার” শিরোনামে প্রচারিত সংবাদ প্রতিবেদনের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়। প্রকাশিত সংবাদ প্রতিবেদন মতে, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সতর্ক অবস্থান ও কঠোর নজরদারির মধ্যেই এবার রংপুরের পীরগঞ্জ উপজেলায় প্রায় ২০টি বাড়িতে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। ফেসবুকে ধর্ম অবমাননার কথিত অভিযোগে উপজেলার রামনাথপুর ইউনিয়নের মাঝিপাড়া এলাকায় রোববার রাত ১০টার দিকে এই ঘটনা ঘটে বলে পুলিশ নিশ্চিত করেছে। রংপুর জেলা সহকারী পুলিশ সুপার মো. কামরুজ্জামান রাত একটায় ঘটনাস্থল থেকে মুঠোফোনে গণমাধ্যমকে জানান, সংখ্যালঘু সম্প্রদায়ের এক যুবক ফেসবুকে ধর্ম নিয়ে অবমাননাকর পোস্ট দিয়েছেন—এমন গুজবে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। উত্তেজিত কিছু লোক প্রায় ২০টি বাড়িঘরে আগুন দিয়েছে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে।”

এছাড়া প্রথমে কুমিল্লা, পরবর্তীকালে চাঁদপুর, ফেনী, নোয়াখালী, চট্টগ্রামসহ বিভিন্ন যায়গায় কুরআন অবমাননার অভিযোগে মন্দির ভাংচুর, অগ্নি সংযোগ ও হতাহতের ঘটনা ঘটেছে মর্মে গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়।

বাংলাদেশ একটি সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। বাংলাদেশের সংবিধানে সকল ধর্মের মানুষের সমানাধিকারের নিশ্চয়তা রয়েছে। সাম্প্রদায়িকতার বীজ বপনের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার লক্ষ্যে মানবাধিকারের লঙ্ঘনের যে ঘটনাসমূহ ঘটানো হয়েছে কমিশন এ বিষয়ে গভীর উদ্বেগ ও নিন্দা জানায়।

এসব ঘটনায় যে বা যারাই জড়িত থাকুক তাদের দ্রুত আইনের আয়তায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে এবং ভবিষ্যতে যেন এধরণের ন্যাকারজনক ঘটনার পুনরাবৃত্তি না ঘটে সেজন্য আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরো দক্ষতা ও সতর্কতার সাথে দায়িত্ব পালন করার নির্দেশনা প্রদান করতে আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা


(মোঃ আশরাফুল আলম)
সচিব (ভারপ্রাপ্ত)
(জেলা জজ)
টেলিফোনঃ ৫৫০১৩৭১৮ (দপ্তর)

অনুলিপিঃ

- ১) মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) চেয়ারম্যানের একান্ত সচিব, (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।